দৈনিক
ইনকিলাব

26 JUL 2009
পৃষ্ঠা ... ১৭ কলাম ... ২

# ক্যাডেট কলেজগুলোতে এবারো শতভাগ পাস

স্টাফ রিপোর্টার

ক্যাডেট কলেজগুলোর ফলাফল এবারো সন্তোষজনক। অন্যান্য বছরের মতো এবারো ক্যাডেট কলেজগুলোর শতভাগ পরীক্ষার্থী পাস করেছে। তবে এর মধ্যে তুলনামূলক ভালো করেছে ঝিনাইদহ ক্যাডেট কলেজ। কলেজটির ৪৭ শিক্ষার্থীর মধ্যে ৪৬ জনই জিপিএ-৫ পেয়েছে। আর একমাত্র মহিলা ক্যাডেট কলেজ ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ এ তালিকার সবচে

পৃ ঃ ২ ক ঃ ৮

## ক্যাডেট কলেজগুলোতে

১৬-এর পৃষ্ঠার পর

নীচে রয়েছে। কলেজটির মোট ৫১ পরীক্ষার্থীর মধ্যে মাত্র ২৬ জন জিপিএ-৫ পেয়েছে। দেশের মোট ১২টি ক্যাডেট কলেজের মধ্যে এবার এইচএসসিতে অংশগ্রহণ করেছে মোট ১০টি কলেজ। এবছর ক্যাডেট কলেজগুলোর মোট ৪৬০ পরীক্ষার্থীর মধ্যে ৩৮৪ জন জিপিএ-৫ (শতকরা ৮৩.৪৭%) এবং ৭৬ জন জিপিএ-৪ এর অধিক নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছে। ফৌজদারহাট ক্যাডেট কলেজের ৪৫ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৩০ জন এবং জিপিএ-৪ পেয়েছে ১৫ জন। ঝিনাইদহ ক্যাডেট কলেজের ৪৭ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৪৬ জন। জিপিএ-৪ পেয়েছে ১ জন। মির্জাপুর ক্যাডেট কলেজের ৪৭ পরীক্ষার্থীর মধ্যে ৪৫ জন জিপিএ-৫ এবং ২ জন জিপিএ-৪ পেয়েছে। রাজশাহী ক্যাডেট কলেজের ৩৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৬ জন জিপিএ-৫ এবং ৩ জন জিপিএ-৪ পেয়েছে। সিলেট, ক্যাডেট কলেজের ৪২ পরীক্ষার্থীর মধ্যে ৩৬ জন জিপিএ-৫ এবং ৬ জন জিপিএ-৪ পেয়েছে। রংপুর ক্যাডেট কলেজের ৪৮ পরীক্ষার্থীর মধ্যে ৪৫ জন জিপিএ-৫ এবং ৩ জন জিপিএ-৪ পেয়েছে। বরিশাল ক্যাডেট কলেজের ৪৮ পরীক্ষার্থীর মধ্যে ৩৯ জন জিপিএ-৫ এবং ৯ জন জিপিএ-৪ পেয়েছে। পাবনা ক্যাডেট কলেজের ৪৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৫ জন জিপিএ-৫ এবং ৩ জন জিপিএ-৪ পেয়েছে। একমাত্র মহিলা ক্যাডেট কলেজ ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজের ৫১ পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২৬ জন এবং জিপিএ-৪ পেয়েছে ২৫ জন। কুমিল্লা ক্যাডেট কলেজের ৪৫ পরীক্ষার্থীর মধ্যে ৩৬ জন জিপিএ-৫ এবং ৯ জন জিপিএ-৪ পেয়েছে।